দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 25 APR 2009
পৃঃ ১৬ কলাম ২

# মাধ্যমিক স্কুলে সরকারের দেয়া অডিও কন্ট্রোল মেশিনগুলো অব্যবহৃত অবস্থাতেই নষ্ট হচ্ছে

॥ বাঘা(রাজশাহী) থেকে সংবাদদাতা ॥

১৯৮১ সালে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে সরকারের দেয়া অডিও কন্ট্রোল মেশিনগুলো অযত্ন অবহেলায় এখন উঁই পোকার ঢিবিতে পরিণত হতে চলেছে। মাধ্যমিক স্তরের শিক্ষাকে আধুনিকিকরণ ও বিনোদনমূলক করার লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লাখ লাখ টাকার অডিও কন্ট্রোল মেশিন সরবরাহ করলেও বর্তমানে দক্ষ চালকের অভাবে প্রত্যেকটিই অকার্যকর অবস্থায় পড়ে রয়েছে।

১৯৮১ সালে শিক্ষা ফ্যাসিলিটিজ বিভাগের সহযোগিতায় জাপান সরকারের উপঢৌকন হিসাবে প্রাপ্ত অডিও কন্ট্রোল মেশিন সরবরাহ করা হয় দেশব্যাপী। তারই ধারাবাহিকতায় রাজশাহীর বাঘা উপজেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী বাঘা উচ্চবিদ্যালয় এবং মীরগঞ্জ উচ্চবিদ্যালয়ে দেয়া হয় একটি করে অডিও কন্ট্রোল মেশিন। যার একেকটির মূল্য প্রায় ৫ লাখ টাকা করে। এই মেশিনের কাজ হচ্ছে বিদ্যালয়ে একজন শিক্ষকের কোন নির্দেশনা বা উপস্থাপনা একই সঙ্গে অডিও পদ্ধতিতে সকল শ্রেণীকক্ষে একযোগে পৌঁছে দেয়া । এছাড়াও বিনোদন এবং দেশ-বিদেশ সম্পর্কে জানার জন্য প্রতিটি মেশিনের সঙ্গে রয়েছে ৮ ব্যান্ডের অত্যাধুনিক একটি রেডিও সেট।

এবিষয়ে বাঘা উচ্চ বিদ্যালয়ের সম্প্রতি অবসরে যাওয়া প্রধান শিক্ষক আঃ মোকাদ্দেস জানান, তার দায়িত্ব গ্রহণের আগে তার বিদ্যালয়ে শিক্ষা উপকরণ হিসাবে দেয়া হয়েছিল এই অডিও কন্ট্রোল মেশিন। যা সে সময় থেকেই অকেজো হয়ে পড়ে আছে। তিনি বলেন, আমি মেশিনটি মেরামতের জন্য ভালো কোন ইঞ্জিনিয়ার পাইনি। মেরামত হলে ছাত্র-ছাত্রীদের কাজে লাগত।

এ ব্যাপারে মীরগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনিসুর রহমান জানান, মেশিনগুলো বিদ্যালয়ের ষ্টোর রুমে রেখে দিয়েছি। প্রথমে সেগুলো ভাল থাকলেও পরবর্তীতে অদক্ষ হাতে ব্যবহার করার কারণে এমনিতেই নষ্ট হয়ে গেছে। তিনি বলেন, অনেক দিন পড়ে থাকার ফলে যন্ত্রপাতিতে এখন মরিচা ধরেছে।



অকেজো হয়ে পড়ে থাকা অডিও কন্ট্রোল মেশিন